মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা ছহিউদ্দিন বিশ্বাস এর ৩১তম মৃত্যুবার্ষিকী পালন

মেহেরপুরে সাবেক এমএনএ, এমসিএ ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ছহিউদ্দিন বিশ্বাস এর ৩১তম মৃত্যুবার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে জেলা আওয়ামীলীগের উদ্যোগে রবিবার মেহেরপুর শিল্পকলা একাডেমীতে স্মৃতিচারণ সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সভায় জুমের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ছহিউদ্দিন বিশ্বাস এর ছেলে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ।

স্মৃতিচারণ করে বক্তব্য দেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও ছহিউদ্দিন বিশ্বাস এর জামাতা আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা আ’লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, বাংলাদেশ মহিলা আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ও জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান ও ছহিউদ্দিন বিশ্বাস এর মেয়ে শামীম আরা হীরা, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহবায়ক হাসানুজ্জামান মালেক, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক ও ছহিউদ্দিন বিশ্বাস এর ছোট ছেলে সরফরাজ হোসেন মৃদুল, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন। মেহেরপুর জেলা আওয়ামীলীগের অন্য সদস্য ও বিভিন্ন সংগঠনের নেতা কর্মিরা এ সময় উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহে বেসরকারি উন্নয়ন সংস্থা সিএসএস’র এ প্রতিষ্ঠাতা রেভারেন্ড পল মুন্সী’র স্মরণে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।
রোববার সকালে শহরের এসএম মতলুবুর রহমান মাধ্যমিক বিদ্যালয়

প্রাঙ্গণে এ মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করা হয়। সিএসএস এর রাজবাড়ী জোনের জোনাল ম্যানেজার গৌরচন্দ্র পাল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম শাহিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসএম মতলুবুর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি হাবিবুর রহমান, সিএসএস এর ঝিনাইদহ অঞ্চলের রিজিওনাল ম্যানেজার নরহরি হালদার, ব্রাঞ্চ ম্যানেজার মৃনাল বিশ্বাস।

পরে দিনব্যাপী সদর উপজেলার বিভিন্ন এলাকার শতাধিক নারীকে স্বাস্থ্যসেবা প্রদাণ করেন ৩ জন বিশেষজ্ঞ চিকিৎসক। বিনামুল্যে স্বাস্থ্যসেবা পেয়ে সন্তুষ্ট প্রকাশ করেন সেবাগ্রহীতারা।

ঝিনাইদহে জাতীয় পার্টির দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা জাতীয় পার্টির দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। রোববার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সদর উপজেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি শহীদ বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দলটির খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক এ বি এম লিয়াকত হোসেন চাকলাদার। বক্তব্য রাখেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য শেখ হুমায়ন কবির শাওন, জেলা জাতীয় পার্টির আহবায়ক রাশেদ মাজমাদার, সম্মেলন প্রস্তুত কমিটির সদস্য সচিব এমদাদুল ইসলাম বাচ্চু, জাতীয় কৃষক পার্টির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিষ্ণুপদ রায়, সিনিয়র যুগ্ম আহবায়ক মুফতি নুরুল আমিন, যুগ্ম আহবায়ক জয়নাল আবেদীন, ফিরোজ কবির, কবির হোসেন, সদর উপজেলা জাতীয় পার্টির সাবেক সাধারণ সম্পাদক আজিজুর রহমান অটো ও সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম মিলন। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে সদর উপজেলা শাখার কমিটি গঠন করা হয়। এসময় বক্তারা, জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রয়াত রাষ্ট্রপতি হুসেইন মোহাম্মদ এরশাদের আদর্শকে বুকে লালন করে বর্তমান চেয়ারম্যান জিএম কাদেরের হাতকে শক্তিশালী করার আহ্বান জানান।

ঝিনাইদহে দ্বিতীয় ধাপে করোনা প্রতিরোধে পুলিশের মাস্ক বিতরণ

“মাক্স পরার অভ্যাস, কোভিড মুক্ত বাংলাদেশ” এই শ্লোহানকে সামনে রেখে ঝিনাইদহে জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করেছে জেলা পুলিশ। রোববার সকালে শহরের পোস্ট অফিস মোড়, কেন্দ্রীয় বাস টার্মিনাল, পায়রা চত্বর, আরাপপুরসহ শহরের বিভিন্ন স্থানে জেলা পুলিশের পক্ষ থেকে মাস্ক বিতরণ করা হয়। এসময় মাস্ক না পরে শহরে চলাচলকারী সব শ্রেণীর মানুষের মাঝে মাস্ক বিতরণ করেন ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাইদ, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দীনসহ জেলায় কর্মরত পুলিশ কর্মকর্তারা। পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম বলেন, সম্প্রতি কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন কর্মসূচি নিয়ে আমরা মানুষের মাঝে এগিয়ে আসছি। মানুষকে মাক্স পরাসহ বিভিন্ন স্বাস্থ বিধি মেনে চলার বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছি। আমরা আইন প্রয়োগ না করে মানুষ যেন মাক্স পরে সে ব্যাপারে সচেতন গড়ে তোলা। আমরা চাই যে, করোনার মহামারি থেকে জেলার মানুষ গুলো যেন সুরিক্ষত থাকুক।

দর্শনা থানায় সেরা পুলিশ পরিদর্শক হলেন -মাহাবুবুর

রহমান কাজল

দর্শনায় মাদকদ্রব্য উদ্ধার ও আইন শৃঙ্খলা রক্ষায় কার্যকরী ভূমিকা পালন করায় পুরস্কার পেয়েছেন দর্শনা থানার সুযোগ্য অফিসার ইনচার্জ,জনাব মোঃ মাহাবুবুর রহমান কাজল ২০২১ সালে,জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে মাদকদ্রব্য উদ্ধার সহ বেশ কয়েক জন মাদক ব্যবসায়ীদের আটক করে আইনের আওতায় নিয়ে আসা, গোপন বৈঠক চলাকালীন সময়ে শিবিরের বেশ কয়েকজন কর্মীকে আটক করার সহ আরো অনেক আইন শৃঙ্খলা রক্ষায় জন্য সপ্তম বারের মতো চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হিসেবে মনোনীত হয়েছেন মোঃ মাহাবুবুর রহমান কাজল। আগামী দিনগুলোতে এই সফলতা ধরে রাখার জন্য চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জনাব, মোঃ জাহিদুল ইসলাম অফিসার ইনচার্জ দর্শনা থানার হাতে উপহার হিসেবে ক্রেস্ট ও সম্মাননা সার্টিফিকেট তুলে দেন।
দর্শনা থানা এলাকায় গরীব ও দুস্থদের মধ্যে খাদ্য সামগ্রী সহ বিভিন্ন অবদান রাখায় তাকে সাধুবাদ জানান পুলিশ সুপার। এ সময় উপস্থিত ছিলেন এ ডি সোনাল এসপি আবু তারেক,অতিরিক্ত পুলিশ হেডকোয়াটার কনক কুমার,চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল, সহ বিভিন্ন থানার কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পানির ট্যাংকের ভিতর থেকে লাশ উদ্ধার

মেহেরপুরে পানির ট্যাংকের ভিতর থেকে উলঙ্গ অবস্থায় রাকিব(২২) নামের এক যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ। রবিবার মেহেরপুর শহরের বেড়পাড়ার বকুল ইসলামের বাড়ির ছাদে থাকা পানির ট্যাংক থেকে লাশটি উদ্ধার করা হয়। নিহত রাকিব একই পাড়ার আরমান আলীর ছেলে। নিহত রাকিবকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এসময় পানির ট্যাংকের পাশে থেকে রাকিবের পরনের পোশাক, ছুরি ও ড্যান্ডি আঠার প্যাকেট উদ্ধার করেছে পুলিশ। ধারনা করা আঠা

দিয়ে নেশা করার এক পর্যায়ে ট্যাংকিতে পড়ে গিয়ে নিহত হন রাকিব।

বাড়ি মালিক বকুল ইসলাম বলেন, সকালে আমার স্ত্রী পানির ট্যাংক পরিস্কার করার জন্য ছাদে যায়। এসময় ট্যাংকের মুখ খোলা দেখে কাছে গিয়ে রাকিবের লাশ দেখতে পাই। পরে স্থানীয়রা পুলিশকে খবর দিই। নিহত রাকিবের পিতা আরমান আলী জানান, রাকিব নেশাগ্রস্থ ছিল। গত রাত থেকে রাকিব নিখোজ ছিল। সকালে পাশের বাড়ির ছাদে ট্যাংকির মধ্যে থেকে তাকে মৃত অবস্থায় পাওয়া যায়।

স্থানীয় ৩ নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী জানান, রাকিব মাঝে মধ্যে নেশা করতো শুনেছি। গতরাতে কোন এক সময় নেশা করা অবস্থায় এমন দুর্ঘটনা ঘটতে পারে বলে মনে হচ্ছে।

ঘটনাস্থল পরিদর্শন করেছে অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম। এ সময় তিনি বলেন, খবর পেয়ে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। লাশ উদ্ধার করে ময়ণা তদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। তদন্ত রিপোর্ট হাতে না পাওয়া পর্যন্ত কিছু বলা যাচ্ছে না।

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচারণা ও মাস্ক বিতরণ

কোভিড-১৯ দ্বিতীয় ধাপ মোকাবেলায় সারা দেশের ন্যায় মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচারণা ও মাস্ক বিতরণ করা হয়েছে। দেশে মহামারি করোনা ভাইরাসের সংক্রমণ বাড়ছে। এ অবস্থায় মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনগণকে সচেতন করতে দ্বিতীয় দফায় মাঠে নেমেছে পুলিশ।

রবিবার (২১ মার্চ) দেশব্যাপী শুরু হয়েছে বিশেষ উদ্বুদ্ধকরণ কর্মসূচি। সারা দেশের ন্যায় মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে

শহরের হোটেল বাজার থেকে শুরু করে শহরের বিভিন্ন স্থানে পথচারীদের মাঝে জনসচেতনতামূলক প্রচারণা ও মাস্ক বিতরণ করা হয়। এসময় অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম বলেন, আপাতত বাধ্য করা নয়, স্বাস্থ্যবিধি মানতে মাঠ পর্যায়ে সবাইকে উদ্বুদ্ধ করতে পুলিশের পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে। এ কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মানতে অনুপ্রেরণা ও উদ্বুদ্ধ করা হবে। দরিদ্রদের মাস্কও দেবে পুলিশ। জনসাধারণকে উদ্বুদ্ধ করা ও অনুপ্রেরণা জোগাতেই এ কর্মসূচি নেওয়া হয়েছে। গ্রাম-গঞ্জেও জনসাধারণকে উদ্বুদ্ধ করা হবে, প্রয়োজনে বিনা মূল্যে মাস্ক বিতরণ করা হবে। স্বাস্থ্যবিধি মেনে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে আমরা জনসাধারণকে উদ্বুদ্ধ করতে চাই। আজ থেকে রাস্তায় থাকবে নজরদারি। এসময় সদর থানার ওসি শাহ দারা, ডিবি পুলিশের ভারপ্রাপ্ত ওসি শরিফুল ইসলামসহ জেলা পুলিশ ও সদস্যরা উপস্থিত ছিলেন।

করোনা মোকাবেলায় মুজিবনগরে থানা পুলিশের সচেতনতা মূলক কর্মসূচি

“মাস্ক পরার অভ্যাস করোনা মুক্ত বাংলাদেশ” এ শ্লোগানে মুজিবনগরে কোভিড ১৯ করোনা ভাইরাসের দ্বিতীয় ধাপের সংক্রমণ প্রতিরোধে এবং বাংলাদেশে সংক্রমণ বাড়তে থাকায় সামাজিক দুরত্ব বজায় রাখাসহ মাস্ক পরিধান করার জন্য জনগন কে সচেতন করতে এক যোগে বাংলাদেশের সমগ্র জেলা উপজেলায় বাংলাদেশ পুলিশ এর উদ্যোগে সচেতনতামূলক কার্যকম পরিচালিত হচ্ছে।

তারই অংশ হিসাবে সকাল ১০ টার সময় মুজিবনগর থানা পুলিশের উদ্যোগে কেদারগন্জ বাজারে মাস্ক বিতরণ ও সচেতনতামূলক কার্যকম পরিচালিত করা হয়।

মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (হেড কোয়াটার) এস এম ফয়সাল প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে কার্যকমের উদ্বোধন করেন।

এসময় মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,সাধারণ সম্পাদক হেকমত আলী, মুজিবনগর থানার এস আই বাবলু মিয়া,এস আই আজম বিশ্বাস, শ্রমীক নেতা আনছার আলী সহ মুজিবনগর থানা পুলিশের সদস্যবৃন্দ উপস্হিত ছিলেন।

এ সময় সাধারণ মানুষের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয় এবং মাস্ক পরিধান ও করোনা ভাইরাস মোকাবেলায় পরামর্শ দেওয়া হয়।

আলমডাঙ্গায় মাদ্রাসায় ছাত্রকে বলাৎকার, শিক্ষক আটক

আলমডাঙ্গার পোয়ামারী মাদ্রাসা ছাত্র (১২)কে বলাৎকারের অভিযোগে আবু মুছা নামে এক মাদ্রাসা শিক্ষককে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা ৭ টার দিকে বেলগাছি ইউনিয়নের পোয়ামারী এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসায় এ ঘটনাটি ঘটে।

মাদ্রাসা ছাত্রের চিৎকারে এলাকাবাসী ছুটে এসে মাদ্রাসা ছাত্রকে উদ্ধার করে শিক্ষক আবু মুছাকে গণধোলায় দেয়।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের পোয়ামারী গ্রামে অবস্থিত এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা। ওই মাদ্রাসায় গত ৩ বছর পূর্বে বেলগাছি গ্রামের রথখোলা পাড়ার জামাল হোসেনের ছেলে আবু মুছা শিক্ষক হিসাবে চাকুরিতে যোগদান করে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে এশার নামাজের পর ওই ছাত্রকে ফুঁসলিয়ে মাদ্রাসা একটি কক্ষে নিয়ে যায়। এ সময় জোরপূর্বক ওই ছাত্রকে বলাৎকার চেষ্টা চালালে মাদ্রাসা ছাত্র চিৎকার দিলে মাদ্রাসার ছাত্রসহ এলাকাবাসী ছুটে যায়।

এলাকাবাসী জানান, রাত প্রায় ৮ টার দিকে মাদ্রাসা থেকে ছাত্রদের চিৎকার শুনে সকলে দৌড়ে মাদ্রাসা প্রাঙ্গণে যায়। এসময় ওই

মাদ্রাসায় সকল ছাত্ররা দলবদ্ধ ভাবে ছোটাছুটি করে। তাদের মাঝে একটি শিশু কান্না কন্ঠে তাকে বলাৎকারের ঘটনাটি জানায়। এসময় উৎসুক জনতা মাদ্রাসা শিক্ষককে গণধোলাই দেয়।

এছাড়াও, মাদ্রাসার অনেক ছাত্রের সাথে জোরপূর্বক অনৈতিক কাজ করে বলে অনেক ছাত্র অভিযোগ করে।

পরে, আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দিলে রাত ১০ টার দিকে মাদ্রাসা শিক্ষককে আটক করে পুলিশ। গতকাল সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানাযায়।

দর্শনায় ৪ কেজি গাঁজা সহ ৩ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানায় গত শুক্রবার রাত সাড়ে ১০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে এস আই মোঃ সাইফুল ইসলাম, এস আই খান আব্দুর রহমান, এ এস আই মোঃ মারুফ এবং সঙ্গীয় ফোর্স সহ দর্শনা থানাধীন মদনা পাঠানপাড়া গ্রামের মোঃ ইছাহক (ইশা) এর বসতবাড়ির উঠান হইতে ০৪ (চার) কেজি গাজা সহ ৩ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, চুয়াডাঙ্গার দর্শনা থানার মদনা(পাঠানপাড়া) মোঃ আশরাফ আলীর ছেলে মোঃ টগর আলী (১৯) ও একই গ্রামের মৃত রহমত উল্লাহর ছেলে মোঃ কিতাবুল (২৮)।

পুলিশ জানায় গ্রেফতার কৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।